

ব্রি হোল ফিড কম্বাইন হারভেস্টার
মেশিনের যন্ত্রাংশ



এ কে এম সাইফুল ইসলাম

ব্রি হোল ফিড কম্বাইন হারভেস্টার
মেশিনের যন্ত্রাংশ

এ কে এম সাইফুল ইসলাম

প্রথম প্রকাশ
জুলাই ২০২২

মুদ্রণ সংখ্যা
১০০০ কপি

প্রকাশনা নম্বর
৩৪৫

মুদ্রণে

তিথী প্রিন্টিং এন্ড প্যাকেজিং
২৮/সি-১, টয়েনবি সার্কুলার রোড
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
মোবাইল : +৮৮ ০১৮১৯-২৬৩৪৮১

কভার ডিজাইন

এ কে এম সাইফুল ইসলাম

যোগাযোগের ঠিকানা

প্রকল্প পরিচালক, যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম
বৃদ্ধিকরণ প্রকল্প, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ত্রি), গাজীপুর, বাংলাদেশ।

সঠিক উদ্ধৃতি

এ কে এম সাইফুল ইসলাম ২০২২: ত্রি হোল ফিড কন্সট্রাক্টর মেশিনের যন্ত্রাংশ। প্রকাশনা
নম্বর ৩৪৫, যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ
প্রকল্প, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর, বাংলাদেশ।

অর্থায়নে

যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প,
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ।

কৃতজ্ঞতা

বইটি প্রস্তুতে মোঃ খোকন হাওলাদার, মোঃ সাইফুল ইসলাম খন্দকার একঃ মোঃ দৌলত জাহান সহ
যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা করেছেন তাদের সকলের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ।



মহাপরিচালক
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

মুখবন্ধ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ফার্ম মেশিনারি এন্ড পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগে বাস্তবায়নহীন “যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ (এসএফএমআরএ)” প্রকল্পের অর্থায়নে প্রকল্প পরিচালক ড. এ কে এম সাইফুল ইসলাম এর তত্ত্বাবধানে বাংলাদেশে এই প্রথম ত্রিবিজ্ঞানীরা স্থানীয় ওয়ার্কশপে দেশীয় কাঁচামাল ব্যবহার করে দেশের উপযোগী এ হোল ফিড কম্বাইন হারভেস্টার ডিজাইন ও প্রস্তুত করেছেন। কৃষকের ছোট ও কর্দমাক্ত জমি বিবেচনায় নিয়ে যন্ত্রটি তৈরি করা হয়েছে এবং যন্ত্রটির কার্যক্ষমতাও বেশি। যন্ত্রে ফোর সিলিন্ডার ইঞ্জিন ব্যবহার করা হয়েছে বিধায় এর ঝাঁকুনি ও শব্দ অনেক কম হয়। আমদানিকৃত কম্বাইন হারভেস্টার যন্ত্রের তুলনায় এটি সশ্রমী মূল্যে দেশে উৎপাদন করা সম্ভব। ত্রিবিজ্ঞানীদের ডিজাইন ও প্রযুক্তি ব্যবহার এক স্থানীয় কৃষিযন্ত্র প্রস্তুতকারকদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে এ যন্ত্র দেশে উৎপাদন করা যাবে। এটি আমাদের গবেষণার এক অসাধারণ সাফল্য। সরকারি এবং বেসরকারি উদ্যোগে এ দেশে এসেছিল লাইন তৈরি করতে পারলে যন্ত্র মূল্যে যন্ত্রটি প্রস্তুত করা সম্ভব হবে। এরই ধারাবাহিকতায় ড. এ কে এম সাইফুল ইসলাম “ত্রি হোল ফিড কম্বাইন হারভেস্টার মেশিনের যন্ত্রাংশ” শীর্ষক বইটি লিখেছেন। এ বইয়ে ত্রি হোল ফিড কম্বাইন হারভেস্টারের বিভিন্ন যন্ত্রাংশের নাম, পরিমাপ, সংখ্যা ও কার্যকরিতা বিশদভাবে বর্ণনা করা হয়েছে যা ভবিষ্যতে স্থানীয় কৃষিযন্ত্র প্রস্তুতকারকদের দেশে গুণগত মান সম্পন্ন হোল ফিড কম্বাইন হারভেস্টার প্রস্তুতে সহায়ক হবে।

আমি ড. এ কে এম সাইফুল ইসলাম এর প্রচেষ্টাকে সাধুবাদ জানাই এবং তার সাফল্য কামনা করি।

(ড. মো. শাহজাহান কবীর)

প্রকল্প পরিচিতি

"যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে ধামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ" প্রকল্পটি ৪৪০০.০০ লক্ষ টাকা প্রাপ্তিতে ব্যয় করা হবে। ২০১৯ হতে জুন, ২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৮/০৯/২০১৯ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় এবং গত ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখে প্রশাসনিক আদেশ জারী হয়। প্রকল্পটি কৃষি মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে হার্ম মেশিনারী এন্ড পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগ দেশের ৭টি বিভাগের ১২টি জেলার ১২টি উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পের অন্যতম প্রধান উদ্দেশ্য হলো টেকসই ধান চাষাবাদের লক্ষ্যে লাগসই কৃষি যন্ত্রপাতি উন্নয়ন ও আধুনিকায়নের জন্য ধামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম জোরদারকরণ। প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হলো (ক) কৃষকের আর্থ-সামাজিক অবস্থার সাথে সম্পর্কিত লাগসই নতুন কৃষি যন্ত্রপাতি এবং প্রযুক্তি যেমন ধানের চারা রোপণ যন্ত্র, মিনি কন্ট্রোল হারভেস্টার, শক্তি চালিত নিড়ানী যন্ত্র, বিপার বাইন্ডার, কমপ্যান্ডি রাবার রোল রাইস মিল, ধানের চারা রোপণ যন্ত্র-কাম- সার প্রয়োগ যন্ত্র, স্ট্র রোপ তৈরি যন্ত্র, বীজ বপন যন্ত্র, ফলসোত্তর ব্যবস্থাপনা এবং নব্যায়নযোগ্য শক্তি (সোলার ও গ্রিক্রেট মেশিন) উদ্ভাবন/উন্নয়ন করা; (খ) ত্রি উদ্ভাবিত কৃষি যন্ত্রের ৩২৪টি প্রায়োগিক মাঠ পরীক্ষণের মাধ্যমে যন্ত্রের ত্রুটি-বিজ্ঞপ্তি সম্পর্কে মতামত সংগ্রহ করে যন্ত্রের অধিকতর উন্নয়ন করা; (গ) ত্রি উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতি সম্পর্কে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৬৪৮০ জন যন্ত্র চালক, মেকানিক, কৃষক, মোকাদিক ও সেবা প্রদানকারী উদ্যোক্তা এবং ২০০ জন স্থানীয় কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক ও সম্প্রসারণ কর্মকর্তা/কর্মীকে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা; (ঘ) আধুনিক কৃষি যন্ত্রপাতি গবেষণার জন্য ২০ জন বিজ্ঞানী এবং ২০ জন গ্যারান্শন কর্মীকে উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলা; এবং (ঙ) বিদ্যমান কৃষি যন্ত্রপাতি গবেষণা ল্যাব-কাম-গ্যারান্শন আধুনিকায়ন। প্রকল্পের কার্যাবলি হল ক) টেকসই ধান উৎপাদনের জন্য লাগসই ০৯টি কৃষি যন্ত্রপাতি ও শস্য কর্তনোত্তর প্রযুক্তি (ধানের চারা রোপণ যন্ত্র, মিনি কন্ট্রোল হারভেস্টার, শক্তি চালিত নিড়ানী যন্ত্র, বিপার বাইন্ডার, কমপ্যান্ডি রাবার রোল রাইস মিল, ধানের চারা রোপণ যন্ত্র-কাম- সার প্রয়োগ যন্ত্র, স্ট্র রোপ তৈরি যন্ত্র, বীজ বপন যন্ত্র, ফলসোত্তর ব্যবস্থাপনা এবং নব্যায়নযোগ্য শক্তি (সোলার ও গ্রিক্রেট মেশিন) উদ্ভাবন/উন্নয়ন করা; খ) বিশেষ থেকে উন্নত প্রোটোটাইপ সংগ্রহ করে বিভিন্ন ইঞ্জিনিয়ারিং এবং ফলিত গবেষণা এর মাধ্যমে দেশীয় উপযোগী করে যন্ত্র প্রস্তুত করা; গ) প্রায়োগিক মাঠ পরীক্ষণের মাধ্যমে প্রাপ্ত মতামত অনুযায়ী যন্ত্রের উন্নয়ন সাধন করা; ঘ) যান্ত্রিক পদ্ধতিতে ধানের চারা রোপনের জন্য চারা উৎপাদন কৌশল, রাইস ট্রান্সপ্লান্টার চালনা, মোরামত ও বন্ধশাবেক্ষণ বিষয়ে ৩২৪টি ০২দিনের আবাসিক হাতে-কলমে প্রশিক্ষণ আয়োজন করা; ঙ) ত্রি উদ্ভাবিত এবং আধুনিক যন্ত্রের ৩২৪টি প্রায়োগিক মাঠ পরীক্ষণের মাধ্যমে ৬৪৮০জন কৃষক, যন্ত্র চালক, মেকানিক, কৃষক মল/কৃষক সমিতি, সেবা প্রদানকারী উদ্যোক্তাদের কৃষি যন্ত্রপাতি ব্যবহারের উপযোগিতা, চালনা কৌশল, মোরামত ও বন্ধশাবেক্ষণ সম্পর্কে সচেতন করা; চ) প্রশিক্ষণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং প্রশিক্ষণার্থী নির্বাচনে স্বৈচ্ছতা পরিহার করে লক্ষ্যে প্রশিক্ষণ সূচি ও প্রশিক্ষণার্থীদের নাম ত্রি'র ওয়েব সাইটে ভাটবেজ আকারে সরেফল করা; ছ) তিন মাসের বৈশিষ্টিক প্রশিক্ষণের মাধ্যমে ১০ জন দক্ষ বৈজ্ঞানিক জনশক্তি গড়ে তোলা; জ) কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী দেশে ১০ জন বিজ্ঞানীর যন্ত্র কলনী (৭-১০দিনের) প্রশিক্ষণ আয়োজন করা; ঝ) কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক/সম্প্রসারণ কর্মকর্তা/কর্মীকে আধুনিক যন্ত্রপাতি প্রযুক্তি হস্তাক্ষর বিষয়ে ০৩ দিন ব্যাপী ১০টি প্রশিক্ষণ আয়োজন করা; ঞ) যন্ত্রপাতির গুণগত মান নিয়ন্ত্রণের জন্য মেশিন টেস্টিং ল্যাব (৩৭৫ বর্গ মিটার) নির্মাণ এবং ২৩টি গবেষণা গ্যারান্শন ও ১০৪টি শ্রাব্যরেটরি আধুনিক যন্ত্রপাতি সংগ্রহের মাধ্যমে মান সম্পন্ন গবেষণার দক্ষতা বৃদ্ধি করা; ট) প্রকল্প এলাকায় সীমিত আকারে দীর্ঘ সময় ধামার যন্ত্রপাতির ব্যবহার এবং জড়ায় যন্ত্রপাতি ব্যবহারে সেবা প্রদানকারী উদ্যোক্তার মাধ্যমে কৃষিতে বাণিজ্যিক মুক্তিপ্রাপ্তি গড়ে তোলা; ঠ) গবেষণক, সম্প্রসারণ কর্মী, প্রস্তুতকারক এবং কৃষকদের মধ্যে সেতু বন্ধন গড়ে তোলা; ড) প্রধান কার্যালয়ের গবেষণার জন্য ২৫০০ ঘন মিটার গবেষণা মাঠ/প্লট উন্নয়ন করা; ড) প্রধান কার্যালয়ে হার্ম মেশিনারি ল্যাব কাম অফিস ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ (৪৫০ বর্গ মিটার) করা; ণ) ত্রি'র আঞ্চলিক কার্যালয়ে দর্শনাবাসীর প্রদর্শন ও সরেফলের জন্য মেশিন প্রদর্শনী কাম গ্যারার হাউজ (৫টি আঞ্চলিক কার্যালয়ে ১৫০ বর্গ মিটার করে ৭৫০ বর্গ মিটার) নির্মাণ করা; ত) যন্ত্রের প্রোটোটাইপ তৈরি, মোরামত ও বন্ধশাবেক্ষণ বিষয়ে ২০ জন গ্যারান্শন কর্মীকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোলা; থ) মাঠ পর্যায়ে টেকসই কৃষি যন্ত্রপাতি ব্যবহার শিখিত করণের নির্দিষ্ট কৃষি সম্প্রসারণ অফিসগুলোর মাধ্যমে সেবা প্রদানকারী উদ্যোক্তা এবং যন্ত্রপাতি প্রস্তুতকারক প্রতিষ্ঠান/কারখানাকে প্রয়োজনীয় পরিগণার সহায়তা প্রদান করা; প্রকল্প বাস্তবায়নে প্রকল্প পরিচালককে সহায়তার জন্য আউট সোর্সিং মাধ্যমে ১১ জন (০১ জন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ০২ জন বেক মেকানিক, ০২ জন পেন-অপারেটর, ০২ জন টিন মিথ, ০২ জন হ্যান্ডার ম্যান ও ০২ জন গাড়ী চালক) জনকল নিয়োগ দেয়া হয়েছে। একএমপিএইচটি বিভাগের বিজ্ঞানীপদ, গবেষণা সহকারী, অর্থ এবং হিসাব বিভাগের হিসাব বক্ষক এবং পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগে কর্মকর্তাপদ নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্পে কাজ করছেন।

প্রকল্প পরিচালক, এসএফএমআরএ প্রকল্প
এবং প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
খামার যন্ত্রপাতি ও ফলদ্রব্যের প্রযুক্তি বিভাগ
ত্রি, গাজীপুর

লেখক পরিচিতি

ড. এ কে এম সাইফুল ইসলাম বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর কৃষি শক্তি ও যন্ত্র বিভাগ থেকে ১৯৯০ সালে বিএসসি এজি ইঞ্জিনিয়ারিং (সখান) এ প্রথম শ্রেণিতে প্রথম স্থান অর্জন করেন। তিনি একই বিশ্ববিদ্যালয়ের একই বিভাগ থেকে ১৯৯৬ সালে এমএস ইন এজি ইঞ্জিনিয়ারিং এবং ২০১২ সালে কনজারভেশন টিলেজ বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি ১৯৯৭ সালে ইংল্যান্ডের সিলসো কলেজ থেকে এগ্রিকালচারাল মেকানাইজেশন ও মেশিনারি ইঞ্জিনিয়ারিং বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা কোর্স সম্পন্ন করেন। ড. ইসলাম ২০ এপ্রিল ১৯৯৮ সালে ত্রির খামার যন্ত্রপাতি ও ফলদ্রব্যের প্রযুক্তি বিভাগে বৈজ্ঞানিক কর্মকর্তা পদে যোগদান করেন। তিনি মাঠ পর্যায়ে বিভিন্ন জেলার কৃষকদেরকে কৃষিযন্ত্র চালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামত বিষয়ে প্রশিক্ষণ দেন। তিনি প্রশিক্ষণ বিভাগ, ত্রি; কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ইরি, সিমিট, এসিআইএআর, কৃষিযন্ত্র প্রস্তুতকারক, সরবরাহকারী ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, বিভিন্ন এনজিও এবং প্রাইভেট কোম্পানি আয়োজিত উপজেলা কৃষি কর্মকর্তা, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, কৃষক ও কৃষিযন্ত্র চালকদের জন্য কৃষিযন্ত্র চালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামত শীর্ষক প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে কাজ করেছেন। ড. ইসলাম ত্রি ধান-গম কাটা যন্ত্র, ইঞ্জিন চালিত ধান মাড়াই যন্ত্র, ত্রি ওপেন ড্রাম ড্রেসার, ত্রি ধান-গম মাড়াই যন্ত্র, ত্রি শস্য মাড়াই যন্ত্র এবং রাইস মিল চালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামত, মেশিনে রোপণ উপযোগী চারা তৈরির কৌশল, মেশিন টুলস পরিচিতি, ওয়ার্কশপ মেশিন চালনা, পাওয়ার সিলার চালনা মেরামত ও রক্ষণাবেক্ষণ, কৃষিযন্ত্র ব্যবহৃত ডিজেল ইঞ্জিন চালনা মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং ওয়ার্কশপ কর্মরত জনবলের কারিগরি দক্ষতা উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ নির্দেশিকা প্রস্তুত করেছেন। তিনি মেশিনে রোপণ উপযোগী চারা তৈরির কৌশল, ত্রি সিড সোয়ার মেশিন, দানাদার ইউরিয়া সার প্রয়োগ যন্ত্র, ত্রি উইভার (ম্যানুয়াল), ত্রি পাওয়ার উইভার, ধান-গম কাটা যন্ত্র, ধান-গম মাড়াই যন্ত্র, প্যানিকেল ড্রেসার, মিনি কন্ট্রোল হারভেস্টার, ত্রি হোল ফিড কন্ট্রোল হারভেস্টার, শস্য মাড়াই যন্ত্র, ত্রি স্ট্র রোপ মেকার, এয়ার ব্রো রাইস মিল, সফ ও লম্বা ধান প্রক্রিয়াকারক প্রযুক্তি উদ্ভাবন ও উন্নয়নের সাথে সম্পৃক্ত। ড. ইসলাম কৃষি যান্ত্রিকীকরণ বিষয়ে কয়েকটি বই লিখেছেন। বর্তমানে তিনি এ বিভাগে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা পদে কর্মরত এবং যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাসের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ (এসএফএমআরএ) প্রকল্পের প্রকল্প পরিচালক এর দায়িত্ব নিয়োজিত আছেন।


ভূমিকা

শিল্পায়নের প্রভাবে গ্রামের মানুষ এখন শহরের দিকে ঝুঁকছে। ফলে দিন দিন কৃষি শ্রমিকের সংখ্যা কমছে। সামনের দিনগুলোতে কৃষি শ্রমিকের সংখ্যা আরও কমেতে থাকবে। অন্যদিকে শিল্পায়নের ফলে আমাদের দেশে ফসলি জমির পরিমাণও কমছে। দেশের বিপুল জনসংখ্যার খাদ্য যোগান দিতে হলে ক্রমব্রাসমান জমিতে অধিক ফসল উৎপাদনের বিকল্প নেই। আমাদের দেশে ফসল কাটার সময় তীব্র শ্রমিক সংকট দেখা দেয়। এ সমস্যা থেকে উত্তরণের একমাত্র উপায় হলো, শস্য উৎপাদনের সর্বস্তরে যন্ত্রপাতির ব্যবহার বাড়ানো। আধুনিক কৃষিযন্ত্রগুলো যন্ত্র শ্রমে এবং যন্ত্র সময়ে অনেক বেশি কাজ করে। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ত্রি) এর একদল বিজ্ঞানী দেশীয় উপযোগী 'ত্রি হোলফিড কন্সট্রাক্টার হারভেস্টার' প্রস্তুত করেছেন। এ যন্ত্র দিয়ে একসাথে ধান কাটা, মাড়াই ও মাড়াইয়ের কাজ করা যায়। যন্ত্রটি সাধারণ ট্রাকে পরিবহন উপযোগী এবং এতে ফোর সিলিভার ইঞ্জিন ব্যবহার করা হয়েছে বিধায় এর ঝাঁকুনি ও শব্দ অনেক কম হয়। যন্ত্রটি বিশেষ করে হাওর অঞ্চলকে টার্গেট করে প্রস্তুত করা হয়েছে। কারণ বোরো মণ্ডসুমে শ্রমিক সংকট দেখা দেয় এবং পাহাড়ি ঢালে সে অঞ্চলে প্রচুর ফসল নষ্ট হয়। তবে আউশ ও আমন উভয় মণ্ডসুমে যন্ত্রটি দিয়ে ধান কাটা যাবে এবং অন্যান্য এলাকার জন্যও এটি উপযোগী। হারভেস্টারটির কার্যক্ষমতা প্রচলিত যন্ত্রের চেয়ে অনেক বেশি এবং সময়ও কম লাগে। আমদানিকৃত কন্সট্রাক্টার যন্ত্রের তুলনায় সশ্রমী মূল্যে দেশে উৎপাদন করা সম্ভব। সরকারের নীতি ও আর্থিক সহায়তা পেলে স্থানীয়ভাবে কন্সট্রাক্টার হারভেস্টার প্রস্তুত করে অভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে আমদানি নির্ভরতা কমানো সম্ভব হবে এবং বিদেশেও রপ্তানি করা যাবে। সরকারি এবং বেসরকারি উদ্যোগে এ দেশে এসেফলি লাইন তৈরি করতে পারলে যন্ত্র মূল্যে যন্ত্রটি প্রস্তুত করা সম্ভব হবে। এ বইটিতে ত্রি হোল ফিড কন্সট্রাক্টার যন্ত্রের বিভিন্ন যন্ত্রাংশের নাম, পরিমাপ, সংখ্যা ও কার্যকারিতা বিশদভাবে বর্ণনা করা হয়েছে যা স্থানীয় কৃষিযন্ত্র প্রস্তুতকারকদের তবিঘাতে দেশে গুণগত মান সম্পন্ন ত্রি হোল ফিড কন্সট্রাক্টার হারভেস্টার প্রস্তুত করতে সাহায্য করবে। আমি বিশ্বাস করি, এ বইটি স্থানীয় কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারকদের ত্রি হোল ফিড কন্সট্রাক্টার হারভেস্টার প্রস্তুতকে সহজ করবে। এ বইয়ের ভুলত্রুটি ও সীমাবদ্ধতা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ করছি।

সূচিপত্র

অধ্যায়	বিবরণ	পৃষ্ঠা নং
০১	ওয়াকিং সেকশন (Walking Section)	৯
০২	মেইন পাওয়ার সেকশন (Main Power Section)	২১
০৩	অপারেটিং সেকশন (Operating Section)	৩৩
০৪	হাইড্রোলিক সেকশন (Hydraulic Section)	৪৩
০৫	কাটিং সেকশন (Cutting Section)	৪৯
০৬	থ্রেসিং সেকশন (Threshing Section)	৬১
০৭	ক্লিনিং সেকশন (Cleaning Section)	৭৩
০৮	মিডল কনভেয়িং সেকশন (Middle Conveying Section)	৮১
০৯	গ্রেইন কনভেয়িং সেকশন (Grain Conveying Section)	৮৫
১০	গ্রেইন ট্যাংক সেকশন (Grain Tank Section)	১০১
১১	আউটলুক পার্ট (Outlook Part)	১১৩
১২	ডাইস এক মোল্ড (Dice and mould)	১২১
১৩	ইনভেন্টরি (Inventory)	১৪৯





প্রথম অধ্যায়

ওয়াকিং সেকশন
(Walking Section)

ওয়াকিং সেকশন (Walking Section)



চিত্র ১ ওয়াকিং সেকশন

ওয়াকিং সেকশন মেশিনের ভার বহন করে। ওয়াকিং সেকশনটি তিন স্তরের বেইজের সমন্বয়ে গঠিত। নিচের বেইজটি ওয়াকিং ছইল, ডাবল ব্রেস বার, গাইড ছইল, ব্রাস্ট ছইল এবং সাপোর্টিং ছইল দিয়ে তৈরি (চিত্র ১)।

অরিজিনাল বেইস (Original Base)



চিত্র ২ অরিজিনাল বেইস-১

প্রথম বেইজটির দৈর্ঘ্য ও প্রস্থ ১৬০০ এবং ৮২০ মিমি। বেইজটি তৈরি করতে ৭০x৭০ মিমি ও ৮০x৮০ মিমি এর ৫ মিমি পুরুত্বের স্ট্রাকচারাল বক্স ব্যবহার করা হয়েছে। ১৫৪০ মিমি দৈর্ঘ্যের ২ পিস, ১৬০০ মিমি দৈর্ঘ্যের ২ পিস, ৮২০ মিমি দৈর্ঘ্যের ২ পিস এবং ২২৫ মিমি দৈর্ঘ্যের ৪ পিস স্ট্রাকচারাল বক্স দিয়ে বেইজ তৈরি করা হয়েছে। স্ট্রাকচারাল বক্স এমএস মেটেরিয়ালে তৈরি (চিত্র ২)।



চিত্র ৩ অরিজিনাল বেইস-২

দ্বিতীয় বেইজটির দৈর্ঘ্য ১৭১০ মিমি ও প্রস্থ ৫৫০ মিমি। বেইজটি তৈরি করতে ৭০x৫০ মিমি ও ৭০x৭০ মিমি এর ৫ মিমি পুরুত্বের স্ট্রাকচারাল বক্স ব্যবহার করা হয়েছে। ১৬৪০ মিমি দৈর্ঘ্যের ২ পিস, ১৭১০ মিমি দৈর্ঘ্যের ২ পিস, ৪৫০ মিমি দৈর্ঘ্যের ২ পিস এবং ৮০মিমি দৈর্ঘ্যের ৪ পিস স্ট্রাকচারাল বক্স দিয়ে দ্বিতীয় বেইজ তৈরি করা হয়েছে। স্ট্রাকচারাল বক্স এমএস মেটেরিয়ালে তৈরি (চিত্র ৩)।



চিত্র ৪ অরিজিনাল বেইস-৩

তৃতীয় বেইজটির দৈর্ঘ্য ২৮৬০ মিমি ও প্রস্থ সামনের দিকে ১৫৯০ মিমি এবং পেছনের দিকে ১৫৫৫ মিমি। বেইজটি তৈরি করতে বিভিন্ন পুরুত্বের স্ট্রাকচারাল বক্স ব্যবহার করা হয়েছে (চিত্র ৪)।

ওয়াকিং হুইল (Walking Wheel)



চিত্র ৫ ওয়াকিং হুইল

ওয়াকিং হুইলের ব্যাস ২৫০ মিমি এক পুরুত্ব ৩৬ মিমি। হুইলের বাইরের ব্যাসে দাঁতের সংখ্যা ৮টি। এক দাঁত থেকে অপর দাঁতের দূরত্ব ৩১.২৫ মিমি। হুইলের ভেতরের দিকে বোরের স্প্রাইন দাঁতের সংখ্যা ১৮টি। ক্রসারের ওয়াকিং হুইল ২টি। যন্ত্রটি চলাচলের জন্য দুটি গিয়ারবক্সের সাহায্যে চাকটি ক্রসারের সাথে সংযুক্ত থাকে। ওয়াকিং হুইল এমএস ঢালাই মেটেরিয়ালে তৈরি (চিত্র ৫)।

ব্রেস বার (Brace Bar)



চিত্র ৬ সিসেল ব্রেস বার

ব্রেস বার গাইড হুইলের শ্যাফটের সাথে সংযুক্ত হয়ে ক্রসারকে চাপ প্রয়োগ করে পেছনের দিকে ধরে রাখতে ব্রেস বার সাহায্য করে। যন্ত্রটিতে ব্রেস বারের সংখ্যা ২টি (চিত্র ৬)।



চিত্র ৭ ব্রেস বার

ব্রেস বারের দৈর্ঘ্য ৪২০ মিমি, প্রস্থ ৬০ মিমি ও উচ্চতা ৬০ মিমি। ক্রসার ব্রেস বার দুটির এক পাশের ৬০ মিমি প্রস্থের মাঝ বরাবর ৪২০ মিমি লম্বা স্থানটিতে ২ মিমি ভেদে রেখে ১৬ মিমি এনমিল কাটার দিয়ে গুট কাটা হয়। ব্রেস বার এমএস মেটেরিয়ালে তৈরি (চিত্র ৭)।



চিত্র ৮ ব্রেস বার এডজাস্টিং স্ক্রু বেইজ

এডজাস্টিং স্ক্রু বেইজটি প্রথম বেইজের ৭০×৭০×৫ মিমি ক্রসার বক্সের পেছনের অংশের মুখের দিকে মিগ কালাই করে সংযোগ করা হয়। এ অংশটির ভেতর দিয়ে গাইড হুইল ব্রেস বারসহ প্রবেশ করে গাইড হুইল টেনশন স্ক্রু শ্যাফটের সাহায্য নিয়ে ক্রসারকে টেনশনে রাখার কাজ করে। ব্রেস বার এডজাস্টিং স্ক্রু বেইজের সংখ্যা ২টি। বেইজটির দৈর্ঘ্য ১০০ মিমি, প্রস্থ ৯০ মিমি এক পুরুত্ব ১৯ মিমি। ব্রেস বার এডজাস্টিং স্ক্রু বেইজটিতে গাইড হুইল টেনশন স্ক্রু শ্যাফট সংযোজনের জন্য ১৯ মিমি ছিদ্র করা আছে। ব্রেস বার এডজাস্টিং স্ক্রু বেইজ এমএস মেটেরিয়ালে তৈরি (চিত্র ৮)।



চিত্র ৯ গাইড হুইল টেনশন ড্রু শ্যাফট

গাইড হুইল টেনশন ড্রু শ্যাফটটি ব্রেস বারকে গাইড হুইলসহ ত্রলারকে টেনশনে রাখে এবং টেনশন রিলিজ দেয়ার কাজ করে থাকে। ব্রেস বার এডজাস্টিং ড্রু বেইজ দুটিতে ২টি গাইড হুইল টেনশন ড্রু শ্যাফট থাকে। গাইড হুইল টেনশন ড্রু শ্যাফটের দৈর্ঘ্য ২৮০ মিমি এবং ব্যাস ১৯ মিমি। গাইড হুইল টেনশন ড্রু শ্যাফটটি এমএস মেটেরিয়ালে তৈরি (চিত্র ৯)।

গাইড হুইল (Guide Wheel)



চিত্র ১০ গাইড হুইল

গাইড হুইলের কাজ হলো ব্রেস বারের সাথে শ্যাফটের মাধ্যমে সংযুক্ত হয়ে ত্রলারকে পিছন দিকে চাপ প্রয়োগ করে ধরে রাখা। গাইড হুইলের সংখ্যা ২টি, যা ত্রলারের ডান পাশে ও বাম পাশে ব্যবহার করা হয়। গাইড হুইলটির ব্যাস ২৬০ মিমি এবং পুরুত্ব ৪০ মিমি (চিত্র ১০)।



চিত্র ১১ গাইড হুইলের যন্ত্রাংশ

প্রতিটি গাইড হুইলের ভেতরে যন্ত্রাংশগুলো সেট করা থাকে। গাইড হুইল অ্যাক্সেল ১টি যার দৈর্ঘ্য ৮০ মিমি এবং ব্যাস ৪০ মিমি। এর মধ্যে ৬৩০৬ সাইজ এর ২টি বিয়ারিং, ২৫.৮x৩.৫৫ সাইজ এর ২টি 'O' রিং, ৫০x৭২x৮ সাইজের ২টি অফসেট সীল এবং ৭২ মিমি সাইজের ২টি ইনার সারক্রিপ থাকে (চিত্র ১১)।

থ্রাস্ট হুইল (Thrust Wheel)



চিত্র ১২ থ্রাস্ট হুইল

যন্ত্রটি চালানোর সময় থ্রাস্ট হুইল ত্রলারকে উঁচু এবং নিচু জায়গায় সমান্তরাল রাখতে সাহায্য করে। থ্রাস্ট হুইলের সংখ্যা ১০টি। প্রথম বেইজের নিচের ডানপাশে ৭০x৭০x৫ মিমি ক্ষমার বক্সে ১৫৪০ মিমি দৈর্ঘ্যের ৫টি ও বাম পাশে ৫টি থ্রাস্ট হুইল ব্যবহার হয়। থ্রাস্ট হুইলটির দৈর্ঘ্য ১৮০ মিমি, ব্যাস ১৮৫ মিমি এবং আই হুইলের পুরুত্ব ৪৭ মিমি (চিত্র ১২)।



চিত্র ১৩ প্রাস্ট হুইল যন্ত্রাংশ



চিত্র ১৪ হুইল বডি



চিত্র ১৫ প্রাস্ট হুইল অ্যাক্সেল




চিত্র ১৬ সারক্লিপ

প্রতিটি প্রাস্ট হুইলে ১টি হুইল বডি, ১টি প্রাস্ট হুইল অ্যাক্সেল, ১টি ইনার সারক্লিপ, ২টি কল বিয়ারিং, ২টি ইনার অয়েল সীল, ২টি সাপোর্ট প্রেট ওয়াসার এবং ১টি আউটার এন্ড কভার উইথ গ্রিজ ইনার পয়েন্ট থাকে (চিত্র ১৩)।

হুইল বডির দৈর্ঘ্য ১৮০ মিমি, ব্যাস ১৮৫ মিমি এক আই হুইলের পুরুত্ব ৪৭ মিমি। হুইলের বডি এমএস ঢলাই মেটেরিয়ালে তৈরি (চিত্র ১৪)।


প্রাস্ট হুইল অ্যাক্সেলটি প্রাস্ট হুইল বডির ভেতরে থাকে। প্রাস্ট হুইল অ্যাক্সেলের দৈর্ঘ্য ২১৫ মিমি এক ব্যাস ৩৫ মিমি। অ্যাক্সেলটির দুটি স্থানে বিয়ারিং এবং অয়েল সীল সেট করার জন্য দুই ধরনের গুট কাটা হয়। অ্যাক্সেলটির এক পাশে ৬৩০৫ নম্বর বিয়ারিং সেট করার স্থানটির দৈর্ঘ্য ১৬ মিমি এক ব্যাস ২৫ মিমি এবং অপর পাশে ৬৩০৬ নম্বর বিয়ারিং ও অয়েল সীল সেট করার স্থানটির দৈর্ঘ্য ২৪ মিমি এবং ব্যাস ৩০ মিমি। অ্যাক্সেলটির মাঝের অংশের ব্যাস ৩৫ মিমি। প্রাস্ট হুইল অ্যাক্সেল এমএস মেটেরিয়ালে তৈরি (চিত্র ১৫)।

ইনার সারক্লিপটি প্রাস্ট হুইল বডির ভেতর বিয়ারিং ও আউটার এন্ড কভারকে ধরে রাখে। ইনার সারক্লিপ এর বাইরের ব্যাস ৬৫ মিমি এবং পুরুত্ব ২ মিমি (চিত্র ১৬)।



চিত্র ১৭ বল বিয়ারিং

প্রাস্ট ছইল বডির ভেতরে থাকা প্রাস্ট ছইল অ্যাক্সেলের দু'পাশে ৬৩০৫ ও ৬৩০৬ নম্বরের দুটি বিয়ারিং ব্যবহার হয়। অ্যাক্সেলটি নিজে ছিঁর থেকে বিয়ারিং এর সাহায্য নিয়ে প্রাস্ট ছইল বডিকে ঘুরাতে সাহায্য করে (চিত্র ১৭)।



চিত্র ১৮ ইনার অয়েল সীল

ইনার অয়েল সীলটি প্রাস্ট ছইল বডির ভেতরে ব্যবহার করা হয়। ইনার অয়েল সীলটি প্রাস্ট ছইল বডির ভেতর কাদা ও পানি ঢুকতে বাধা প্রদান করা। ইনার অয়েল সীলটির আকার ৩৫×৭৩×১৩ মিমি। ইনার অয়েল সীল রাবার মেটেরিয়ালে তৈরি (চিত্র ১৮)।



চিত্র ১৯ ইনার অয়েল সীল

ইনার অয়েল সীল প্রাস্ট ছইল বডির ভেতরে থাকা আউটার এন্ড কভারের পর ব্যবহার হয়। ইনার অয়েল সীলটি প্রাস্ট ছইল বডির ভেতরে কাদা ও পানি ঢুকতে বাধা প্রদান করে। ইনার অয়েল সীলটির আকার ৩৮×৬২×১২ মিমি। ইনার অয়েল সীল রাবার মেটেরিয়ালে তৈরি (চিত্র ১৯)।



চিত্র ২০ আউটার এন্ড কভার



চিত্র ২১ গ্রিজ ইনার পয়েন্ট



চিত্র ২২ সাপোর্ট প্রেট ওয়াসার

আউটার এন্ড কভার প্রাস্ট হুইল বিভিন্নে ব্যবহৃত বিয়ারিং ও অয়েল সীলকে প্রিজ ঘুরা থেকে রাখে যাতে কোনো প্রকার ধুলো, বাষ্প ও কাদা সহজে প্রবেশ করতে না পারে। আউটার এন্ড কভারের মাধ্যমে প্রিজ ইনার পয়েন্ট আছে। পয়েন্টটির মাধ্যমে সহজেই প্রয়োজন অনুযায়ী প্রিজ প্রাস্ট হুইল বিভিন্নে প্রবেশ করানো যায়। আউটার এন্ড কভারটির বাইরের ব্যাস ৬২ মিমি এক পুরুত্ব ৯.৫ মিমি (চিত্র ২০)।

প্রিজ ইনার পয়েন্টের মুখে প্রিজ গান ব্যবহার করে প্রিজ প্রাস্ট হুইল বিভিন্নে প্রবেশ করানো হয় (চিত্র ২১)।

সাপোর্ট প্রেট ওয়াসার দুটি প্রাস্ট হুইল সম্পূর্ণ সেট করার পর চাকার বেইজের সাথে সেট করার সময় ব্যবহার করা হয়। সাপোর্ট প্রেট ওয়াসারের বাইরের ব্যাস ৭২ মিমি, বোর ব্যাস ৩০ মিমি এক পুরুত্ব ৫.৮ মিমি। সাপোর্ট প্রেট ওয়াসার এমএস প্রেট মেটেরিয়ালে তৈরি (চিত্র ২২)।

সাপোর্টিং হুইল-১ (Supporting Wheel-1)



চিত্র ২৩ সাপোর্টিং হুইল-১

যন্ত্রটি চলাকালীন সময় সাপোর্টিং হুইল ত্রুতারকে উপরের দিকে ধরে রাখতে সাহায্য করে। সাপোর্টিং হুইলের সংখ্যা ২টি। প্রথম বেইজের উপরের ডানপাশে ৮০x৮০x৫ মিমি আকারের বক্রে ১টি ও বাম পাশে ১টি সাপোর্টিং হুইল ব্যবহার করা হয়। সাপোর্টিং হুইলটির দৈর্ঘ্য ১৮০ মিমি, ব্যাস ১৮৫ মিমি এবং আই হুইলের পুরুত্ব ৪৭ মিমি (চিত্র ২৩)।



চিত্র ২৪ সাপোর্টিং হুইলের যন্ত্রাংশ

প্রতিটি সাপোর্টিং হুইলে ১টি হুইল বডি, ১টি প্রাস্ট হুইল অ্যাক্সেল, ১টি ইনার সার্ক্লিপ, ২টি বল বিয়ারিং, ২টি ইনার অয়েল সীল, ২টি সাপোর্টিং প্রেট ওয়াসার এবং ১টি আউটার এন্ড কভার উইথ গ্রিড ইনার পয়েন্ট থাকে (চিত্র ২৪)।



চিত্র ২৫ হুইল বডি

হুইল বডির দৈর্ঘ্য ১৮০ মিমি, ব্যাস ১৮৫ মিমি এবং আই হুইলের পুরুত্ব ৪৭ মিমি। হুইল বডি এমএস ঢলাই মেটেরিয়ালে তৈরি (চিত্র ২৫)।



চিত্র ২৬ সাপোর্টিং হুইল অ্যাক্সেল

সাপোর্টিং হুইল অ্যাক্সেলটি প্রাস্ট হুইল বডির ভেতরে থাকে। সাপোর্টিং হুইল অ্যাক্সেলের দৈর্ঘ্য ২১৫ মিমি এবং সলিড ব্যাস ৩৫ মিমি। অ্যাক্সেলটির দুটি স্থানে বিয়ারিং এবং অয়েল সীল সেট করার জন্য দুই ধরনের ব্যাস কাটা হয়। অ্যাক্সেলটির এক পাশে ৬৩০৫ নম্বর বেয়ারিং সেট করার স্থানটির দৈর্ঘ্য ১৬ মিমি এবং ব্যাস ২৫ মিমি রাখা হয়। অ্যাক্সেলটির অপর পাশে ৬৩০৬ নম্বর বেয়ারিং ও অয়েল সীল সেট করার স্থানটির দৈর্ঘ্য ২৪ মিমি এবং ব্যাস ৩০ মিমি। অ্যাক্সেলটির মাঝ অংশের ব্যাস ৩৫ মিমি। সাপোর্টিং হুইল অ্যাক্সেল এমএস লোহা মেটেরিয়ালে তৈরি (চিত্র ২৬)।




চিত্র ২৭ সারক্লিপ

অভ্যন্তরীণ সারক্লিপটি সাপোর্ট ছইল বডির ভেতরই বেয়ারিং এক বাইরের প্রান্তের কভারকে ধরে রাখে। অভ্যন্তরীণ সারক্লিপটির বাইরের ব্যাস ৬৫ মিমি এক পুরুত্ব ২ মিমি (চিত্র ২৭)।



চিত্র ২৮ বল বেয়ারিং

সাপোর্ট ছইল অ্যাক্সেলের উভয় পাশে ৬৩০৫ ও ৬৩০৬ আকারের দুটি বেয়ারিং ব্যবহার করা হয়। অ্যাক্সেল নিজে ছিন্ন থেকে বেয়ারিংয়ের সাহায্যে সাপোর্ট ছইল বডি ঘুরায় (চিত্র ২৮)।



চিত্র ২৯ ইনার অয়েল সীল (টাইপ ১)

ইনার অয়েল সীল (টাইপ ১) সাপোর্ট ছইল বডির ভেতরে থাকে। ইনার অয়েল সীল সাপোর্ট ছইল বডির ভেতরে কাদা ও পানি ঢুকতে বাধা দেয়। ইনার অয়েল সীলটির আকার ৩৫x৭৩x১৩ মিমি। ইনার অয়েল সীল রাবার মেটেরিয়ালে তৈরি (চিত্র ২৯)।



চিত্র ৩০ ইনার অয়েল সীল (টাইপ ২)

ইনার অয়েল সীলটি সাপোর্ট ছইল বডির ভেতর থাকা আউটার এক কভারের পর ব্যবহার হয়। ইনার সীলটি সাপোর্ট ছইল বডির ভেতর কাদা ও পানি ঢুকতে বাধা দেয়। এর আকার $৩৮ \times ৬২ \times ১২$ মিমি। ইনার অয়েল সীলটি রাবার মেটেরিয়ালে তৈরি (চিত্র ৩০)।




চিত্র ৩১ আউটার এক কভার

আউটার এক কভারটি সাপোর্ট ছইল বডির বিয়ারিং ও অয়েল সীলকে খিঁজ দিয়ে ঢেকে রাখে, যাতে করে কোনো প্রকার ধূশা-বাষ্প ও কাদা সহজে প্রবেশ করতে না পারে। আউটার এক কভারের মাধ্যমে খিঁজ ইনার পয়েন্ট দিয়ে সহজেই প্রয়োজন মতো খিঁজ সাপোর্ট ছইল বডির ভেতর প্রবেশ করানো যায়। আউটার এক কভারটির আউট ব্যাস ৬২ মিমি এক পুরুত্ব ৯.৫ মিমি (চিত্র ৩১)।



চিত্র ৩২ খিঁজ ইনার পয়েন্ট

খিঁজ ইনার পয়েন্টের মুখে খিঁজ গান ব্যবহার করে সাপোর্ট ছইল বডির ভেতর খিঁজ প্রবেশ করানো হয় (চিত্র ৩২)।



চিত্র ৩৩ সাপোর্ট প্রেস্ট ওয়াসার


ওয়াসার দুটি সাপোর্ট ছইল সম্পূর্ণ সেট হওয়ার পর চাকার বেইজের সাথে সেট করার সময় ব্যবহার করা হয়। সাপোর্ট প্রেস্ট ওয়াসারের আকার আউট ব্যাস ৭২ মিমি, বোরের ব্যাস ৩০ মিমি এবং পুরুত্ব ৫.৮ মিমি। সাপোর্ট প্রেস্ট ওয়াসার এমএস প্রেস্ট মেটেরিয়ালে তৈরি (চিত্র ৩৩)।

সাপোর্টিং ছইল-২ (Supporting Wheel-2)



চিত্র ৩৪ সাপোর্টিং ছইল-২

সাপোর্টিং ছইল-২টি প্রথম বেইজের নিচের ১৫৪০ মিমি দৈর্ঘ্যের ৮০x৮০ মিমি ক্ষয়ার বক্সের মাঝখানে অবস্থান করে। যন্ত্রটি চলাচলের সময় সাপোর্টিং ছইলটি ক্রসারকে নিচের দিকে চাপ প্রয়োগ করে ধরে রাখতে সহায়তা করে। সাপোর্টিং ছইলটির ব্যাস ১৩৮ মিমি, পুরুত্ব ৩৭ মিমি এবং বোরের ইনার ব্যাস ৪০ মিমি। সাপোর্টিং ছইলটির শ্যাফটের দৈর্ঘ্য ২১০ মিমি এবং ব্যাস ৪০ মিমি। এটি এমএস ঢালাই মেটেরিয়ালে তৈরি (চিত্র ৩৪)।



দ্বিতীয় অধ্যায়

মেইন পাওয়ার সেকশন
(Main Power Section)

মেইন পাওয়ার সেকশন (Main Power Section)



চিত্র ১ মেইন পাওয়ার সেকশন

কন্সট্রাকশন হারভেস্টিং ইঞ্জিন থেকে শক্তি দুটি ভাগে বিভক্ত হয়ে একটি অংশ যায় পুলি ও মাল্টিপল ভি বেল্টের মাধ্যমে মেইন গিয়ার বক্সে গিয়ে যন্ত্রকে সামনে ও পেছনের দিকে চলতে সক্ষম করে। অপর অংশটি পুলি ও মাল্টিপল ভি বেল্টের মাধ্যমে মেইন ড্রাইভিং পাওয়ার ট্রান্সমিশন শ্যাফটে যায় যা শস্য কাটা থেকে শুরু করে আনলোড করার জন্য যন্ত্রের সকল অংশে শক্তি যোগান দেয় (চিত্র ১)।



চিত্র ২ মেইন ড্রাইভিং পাওয়ার ট্রান্সমিশন শ্যাফট

মেইন ড্রাইভিং পাওয়ার ট্রান্সমিশন শ্যাফট ইঞ্জিন থেকে ছয় গ্রুভের পুলি ও মাল্টিপল ভি বেল্টের সাহায্যে শ্যাফটটির অপর পাশে থাকা ডাবল চেইন স্প্রাকট এক ডাবল গ্রুভের সি টাইপ পুলিকে শক্তি প্রদান করে। মেইন ড্রাইভিং পাওয়ার ট্রান্সমিশন শ্যাফটটিতে ছয় গ্রুভের ১টি পুলি, ১টি ডাবল চেইন স্প্রাকট, ১টি ডাবল গ্রুভের সি টাইপ পুলি এবং দুটি ইউসিপি বিয়ারিং আছে। মেইন ড্রাইভিং পাওয়ার ট্রান্সমিশন শ্যাফটের দৈর্ঘ্য ৮০০ মিমি এবং ব্যাস ৪৫ মিমি। মেইন ড্রাইভিং পাওয়ার ট্রান্সমিশন শ্যাফট এমএস মেটেরিয়ালে তৈরি (চিত্র ২)।



চিত্র ৩ ছয় গ্রুভের পুলি

মেইন ড্রাইভিং পাওয়ার ট্রান্সমিশন শ্যাফট ইঞ্জিন থেকে ছয় গ্রুভের পুলি ও মাল্টিপল ভি বেল্টের সাহায্যে শ্যাফটটির অপর পাশে থাকা ডাবল চেইন স্প্রাকট এক ডাবল গ্রুভের সি টাইপ পুলিকে চলার জন্য শক্তি প্রদান করে। পুলিটির ব্যাস ২২৫ মিমি এবং পুরুত্ব ৭০ মিমি। পুলিটি এমএস ঢালাই মেটেরিয়ালে তৈরি (চিত্র ৩)।



চিত্র ৪ দুই গ্রুভের পুলি

দুই গ্রুভের পুলি থেকে সি-টাইপ বেটের মাধ্যমে ব্রোয়ার, হরাইজন্টাল অগার, রিসাইকেল হরাইজন্টাল অগার এবং ক্লিনিং সেকশনে শক্তি যোগান দেয়। পুলির ব্যাস ১৬০ মিমি এবং পুরুত্ব ৫৭ মিমি। পুলিটি এমএস ঢালাই মেটেরিয়ালে তৈরি (চিত্র ৪)।



চিত্র ৫ ডাবল চেইন ও স্প্রোকট
ও ইউসিপি বিয়ারিং

ডাবল চেইন ও স্প্রোকটের মাধ্যমে পুলিকে শক্তি প্রদান করে। পুলি থেকে সি-টাইপ বেটের মাধ্যমে মিডল অ্যাক্সেল গিয়ার বক্স পুলিকে শক্তি প্রদান করে প্রেসিং ইউনিটকে চালাতে সাহায্য করে। ডাবল চেইন স্প্রোকটের ব্যাস ১১৭ মিমি, পুরুত্ব ৩৫ মিমি এবং স্প্রোকট এর দাঁতের সংখ্যা ১৮টি। মেইন ড্রাইভিং পাওয়ার ট্রান্সমিশন শ্যাফটকে যন্ত্রের বেইজের সাথে ধরে রাখতে দুটি ইউসিপি ৩০৭ নম্বর বিয়ারিং শ্যাফটের দু পাশে ব্যবহার করা হয়। ডাবল চেইন স্প্রোকট এমএস লোহা দিয়ে তৈরি (চিত্র ৫)।

মেইন গিয়ার বক্স (Main Gear Box)



চিত্র ৬ মেইন গিয়ার বক্স

এটি একটি ম্যানুয়াল গিয়ার বক্স। গিয়ার বক্সটি ইঞ্জিন থেকে শক্তি গ্রহণ করে চাকায় প্রেরণ করে, কনবাইন হারভেস্টারের গতি কম বেশি করে, দিক পরিবর্তন করে এবং প্রয়োজনে ইঞ্জিনের শক্তি চাকায় প্রেরণ করতে বিরত রাখে। ম্যানুয়াল মেইন গিয়ার বক্সের দৈর্ঘ্য অ্যাক্সেলসহ ১১১০ মিমি, প্রস্থ ৩১০ মিমি এবং উচ্চতা ৮০০ মিমি। এই গিয়ার বক্সের সাথে সংযুক্ত আছে অ্যাক্সেল হাউজিং ২টি, অ্যাক্সেল ২টি, এইচএসটি গিয়ার বক্স ১টি, এইচএসটি এঞ্জটারনাল হাউজ ১টি, টার্নিং অফেল সিলিডার ১টি এবং এইচএসটি গিয়ার বক্স পুলি ১টি (চিত্র ৬)।



চিত্র ৭ গিয়ার বিন্যাস

মেইন গিয়ার বক্সটি দুটি অংশে বিভক্ত। গিয়ার বক্সের দুটি অংশে মোট ১১টি গিয়ার আছে। এই ১১টি গিয়ারের সমন্বয়ে গিয়ার বক্স পরিচালিত হয়। গিয়ার বক্সের ট্রান্সমিশন সিস্টেম ইঞ্জিনের ১ নং পুলি (ব্যাস-১৫২ মিমি ৫ ফুট) থেকে বেটের মাধ্যমে সাব-গিয়ার বক্সের ২ নং পুলিতে (ব্যাস ১৩০ মিমি ৫ ফুট) শক্তি যায়। ২ নং পুলির হাবস এবং শ্যাফটে এর মাধ্যমে সাব গিয়ার বক্সের শ্যাফট (ব্যাস ২৫ মিমি ও দাঁত ১৯টি) শক্তি যায়। সাব গিয়ার বক্সের ৪ নং গিয়ার (ব্যাস ৬০ মিমি ও দাঁত ১৬টি) দিয়ে শক্তি বের হয় এক মেইন গিয়ার বক্সের ৫ নং গিয়ারে (ব্যাস ৮৭ মিমি ও দাঁত ২৫ টি) শক্তি যায়। ৫ নং গিয়ার থেকে ৬ নং গিয়ারে (ব্যাস ৯২ মিমি ও দাঁত ২৮টি) পাওয়ার গিয়েছে। ৬ নং গিয়ারের নিচে ৭ নং গিয়ার (ব্যাস ৬৯ মিমি ও দাঁত ১৯টি) এক ৭ নং গিয়ারের নিচে ৮ নং গিয়ার (ব্যাস ৮২ মিমি ও দাঁত ২৫ টি)। ৫ নং গিয়ার শ্যাফটে সাথে আরো দুটি হাই-লো গিয়ার আছে যাকে A (ব্যাস ৬৫ মিমি ও দাঁত ১৯টি) ও B গিয়ার (ব্যাস ৮৮ মিমি ও দাঁত ২৪টি) বলে। A ও B গিয়ার দ্বারা ৭ এবং ৮ নং গিয়ারকে উপরের লিভারের সাহায্যে (সংযোগ ও বিচ্ছিন্ন করা) হাই-লো গিয়ার নিয়ন্ত্রিত হয়। আবার ৭ নং গিয়ার থেকে ৯ নং গিয়ারে (ব্যাস ১৪০ মিমি ও দাঁত ৪১টি) শক্তি যায়। ৯ নং গিয়ার শ্যাফটের দু'পাশে দুটি ক্লাচ প্রেট আছে। ক্লাচ প্রেটের গিয়ার (ব্যাস ৬৯ মিমি ও দাঁত ১৬টি) ৯ নং গিয়ার থেকে ১০ নং গিয়ারে শক্তি যায়। ১০ নং গিয়ারের শ্যাফটের ডানে এবং বামে দুটি গিয়ার আছে। ১১ নং গিয়ার (ব্যাস ৮৫ মিমি ও দাঁত ১৬টি) ক্লাচের মাধ্যমে ৯ নং গিয়ার দিয়ে ১০ নং এবং ১১ নং গিয়ারকে শক্তি সংযোগ দেয়া ও বিচ্ছিন্ন করা হয়। ১০ নং ও ১১ নং গিয়ারের মাধ্যমে চাকার হাবসের গিয়ারে (ব্যাস ১৮২ মিমি ও দাঁত ৩৯টি) শক্তি যায়। আবার হাবসের অ্যাক্সেল শ্যাফট (ব্যাস ৫০ মিমি ও দাঁত ২৩টি) ওয়াকিং হুইলে শক্তি যোগান দিতে ব্যবহৃত হয় (চিত্র ৭)।



চিত্র ৮ রাইট এবং লেফট অ্যাক্সেল হাউজিং

মেইন গিয়ার বক্সে অ্যাক্সেল হাউজিং সংখ্যা ২টি, যা মেইন গিয়ার বক্সের অ্যাক্সেলকে ঢেকে রাখতে এক অ্যাক্সেলকে বড় ধরণের আঘাত থেকে রক্ষা করে। গিয়ার বক্সের ডান পাশের অ্যাক্সেল হাউজিং এর দৈর্ঘ্য ৩৩০ মিমি, হাউজিং পাইপ সলিড আউট ব্যাস ৭২ মিমি এবং ইন বোর ব্যাস ৫৯মিমি। গিয়ার বক্সের বাম পাশের অ্যাক্সেল হাউজিং এর দৈর্ঘ্য ৩৪০ মিমি, হাউজিং পাইপ সলিড আউট ব্যাস ৭২ মিমি এবং ইন বোর ব্যাস ৫৯ মিমি। হাউজিংটির গিয়ার বক্সের দিকে সংযুক্ত ফ্লাঙ্গের ব্যাস ১৫৫ মিমি, পুরুত্ব ১২ মিমি, ত্রলার ব্যাস ১৩ মিমি এবং হাউজিংটির ব্রাস্ট হুইলের দিকে সংযুক্ত ফ্লাঙ্গের ব্যাস ১২৫ মিমি, পুরুত্ব ১০ মিমি এবং ত্রলার ব্যাস ৮ মিমি। অ্যাক্সেল হাউজিং এমএস প্লেট ও এমএস পাইপ মেটেরিয়ালে তৈরি (চিত্র ৮)।



চিত্র ৯ রাইট এবং লেফট স্পাইন অ্যাক্সেল

স্পাইন অ্যাক্সেলের কাজ হলো অ্যাক্সেল হাউজিং এর ভেতর থেকে এক পাশে গিয়ার বক্সে খাঁকা পিনিয়ন এবং অপর পাশে ব্রাস্ট হুইলের সাথে সংযুক্ত হয়ে ত্রলারসহ যন্ত্রকে সামনে ও পেছনে নিতে সহায়তা করা। মেইন গিয়ার বক্সের অ্যাক্সেল হাউজিং এর ভেতরে স্পাইন অ্যাক্সেল থাকে। গিয়ার বক্সে স্পাইন অ্যাক্সেল সংখ্যা ২টি যেমন লেফট সাইড অ্যাক্সেল ও রাইট সাইড অ্যাক্সেল। অ্যাক্সেলের ব্যাস ৫৪ মিমি। রাইট সাইড অ্যাক্সেলের দৈর্ঘ্য ৫৩০ মিমি এবং লেফট সাইড অ্যাক্সেলের দৈর্ঘ্য ৫৪৫ মিমি। রাইট ও লেফট সাইড অ্যাক্সেলের দু পাশেই স্পাইন দাঁত কাটা আছে। অ্যাক্সেলটির গিয়ার বক্সে ব্যবহৃত অংশে ২৩টি দাঁত কাটা ও স্পাইন দাঁত কাটা অংশের দৈর্ঘ্য ৪৫ মিমি, ব্যাস ৪৮মিমি এবং ব্রাস্ট হুইল ব্যবহৃত অংশে ১৮টি দাঁত কাটা আছে। স্পাইন দাঁত কাটা অংশের দৈর্ঘ্য ৬০ মিমি এবং ব্যাস ৪৮ মিমি। স্পাইন অ্যাক্সেল এমএস শ্যাফট মেটেরিয়ালে তৈরি (চিত্র ৯)।



চিত্র ১০ এইচএসটি গিয়ার বক্স



চিত্র ১১ এইচএসটি অ্যাক্সেল এক্সটারনাল হাউজিং



চিত্র ১২ টার্নিং অয়েল সিলিভার

হাইড্রোস্ট্যাটিক ট্রান্সমিশন গিয়ার বক্সকে সংক্ষেপে এইচএসটি (HST) গিয়ার বক্স বলে। এটি যে কোনো সময় একটি হাইড্রোলিক পাম্প এক বা একাধিক হাইড্রোলিক মোটরের সাথে সংযুক্ত থাকে। এইচএসটি গিয়ার বক্স একটি ক্রমাগত পরিবর্তনশীল ট্রান্সমিশন (CVT) যার গতির অনুপাত পরিবর্তন করা যেতে পারে। এটি একটি স্বয়ংক্রিয় কনফিগারেশন এবং এই কনফিগারেশনের ফলে সর্বদা একই পরিমাণ শক্তি স্থানান্তর হয়। এইচএসটি গিয়ার বক্সের দৈর্ঘ্য ৪৬০ মিমি, প্রস্থ ২৩০ মিমি এবং উচ্চতা ১৮৯ মিমি (চিত্র ১০)।

এইচএসটি অ্যাক্সেল এক্সটারনাল হাউজিং এর বোরের ভেতর দিয়ে শ্যাফট বের হয়ে ৫ এন্ডের পুশিতে সংযুক্ত হয়। এটি এইচএসটি গিয়ার বক্স ও পুশির মধ্যকার দূরত্ব কমাতে-বাড়াতে সাহায্য করে। অ্যাক্সেল এক্সটারনাল হাউজিং এর দৈর্ঘ্য ১৯৫ মিমি, ব্যাস ৭৩ মিমি, এবং ইনার বোর ব্যাস ৫০ মিমি। অ্যাক্সেল এক্সটারনাল হাউজিং এর ভেতরে ২টি ৬২০৫ আকারের ZZ বিয়ারিং ব্যবহৃত হয়। এটি এমএস শ্যাফট এবং এমএস প্রেট দিয়ে তৈরি (চিত্র ১১)।

টার্নিং অয়েল সিলিভার এর ভেতর দুটি হাইড্রোলিক অয়েল লাইন এবং ভালু আছে যার একটি আউটলেট ভালু ও অন্যটি ইনলেট ভালু। টার্নিং অয়েল সিলিভারটি হাইড্রোলিক পাম্পের সাহায্যে মেইন গিয়ার বক্সের মাধ্যমে যন্ত্রকে ডানে ও বামে ঘুরাতে সহায়তা করে। টার্নিং অয়েল সিলিভার যন্ত্রকে মিলিমিটার পরিমাণে ঘুরাতে সক্ষম। এটি গিয়ার বক্সের সাথে সংযুক্ত থাকে। টার্নিং অয়েল সিলিভারের দৈর্ঘ্য ১৫৫ মিমি এবং প্রস্থ ১০৫ মিমি (চিত্র ১২)।



চিত্র ১৩ এইচএসটি গিয়ার বক্স হুইল

এইচএসটি গিয়ার বক্স হুইলটি ইঞ্জিন হুইল থেকে শক্তি গ্রহণ করে নিজে চলে এবং এইচএসটি গিয়ার বক্সকে চলতে সাহায্য করে। এটি পাঁচ এন্ডের পুশি। এইচএসটি গিয়ার বক্স হুইলটির ব্যাস ১৩২ মিমি এবং পুরুত্ব ৫৬ মিমি। এইচএসটি গিয়ার বক্স হুইলটি এমএস ঢালাই মেটেরিয়ালে তৈরি (চিত্র ১৩)।

ইঞ্জিন (Engine)



চিত্র ১৪ ইঞ্জিন

এটি ৮৭ অশ্ব শক্তির ভার্টিক্যাল ফোর সিলিন্ডার ওয়াটার কুল্ড ডিজেল ইঞ্জিন। এর আরপিএম ২৪০০ এবং ওজন ২৭৫ কেজি। ইঞ্জিনের দৈর্ঘ্য ৭০০ মিমি, প্রস্থ ৫৩৫ মিমি এবং উচ্চতা ৭১০ মিমি। ইঞ্জিনটিতে ফ্লাই হুইল, হাই প্রেশার ফুয়েল পাম্প, ডিজেল ফিল্টার, রেডিয়েটর, মবিল ফিল্টার, ডায়নামো, ক্রাঙ্ক মটর, হাইড্রোলিক অফেল পাম্প, টার্বো চার্জার এবং ইঞ্জিন ফ্যান আছে (চিত্র ১৪)।



চিত্র ১৫ ফ্লাই হুইল এবং ড্রাইভিং পুশি

ফ্লাই হুইলের কাজ হলো ইঞ্জিনের পাওয়ার স্ট্রোক থেকে শক্তি সঞ্চয় করে রাখা এবং ইনার্শিয়াসহ ওই শক্তি দিয়ে অন্যান্য স্ট্রোকগুলো চালনা করা। এটা ইঞ্জিনের গতি বৃদ্ধি করে এবং ইঞ্জিনকে সুস্থ গতিতে চালনা করে। ফ্লাই হুইলের মাধ্যমে ইঞ্জিনের শক্তি প্রয়োজনীয় কাজে স্থানান্তর করা হয়। ফ্লাই হুইলকে ক্রাঙ্ক শ্যাফটের সাথে অনেকগুলো বোল্ট দিয়ে যুক্ত করা হয়, কারণ এর মধ্যে অনেক প্রেসার কাজ করে। ফ্লাই হুইল ইঞ্জিনের কম্পন রোধ করে এবং ইঞ্জিন চালু করতে সাহায্য করে। ফ্লাই হুইল

পিস্টনের উঠানামা শক্তিতে ঘূর্ণন শক্তিতে রূপান্তর করে। ফ্লাই হুইলের চারপাশে গিয়ার রিং পরানো থাকে এর মধ্যে সহজে স্টার্টিং মটর এর পিনিয়ন ইঞ্জিনকে ঘুরাতে সাহায্য করে। ইঞ্জিন ফ্লাই হুইলের ব্যাস ৩৬০ মিমি এবং পুরুত্ব ২৫ মিমি। ইঞ্জিন ফ্লাই হুইলের সাথে ছয়টি বোল্টের মাধ্যমে আটকানো একটি ফ্লাঙ্কসহ ১০ এন্ডের পুশির মাধ্যমে শক্তি সরবরাহ করে মেইন গিয়ার বক্স এবং মেইন ড্রাইভিং পাওয়ার ট্রান্সমিশন শ্যাফটকে চালিত করে। ফ্লাই হুইল থেকে বের হয়ে আসা প্রথম চার এন্ডের পুশির দৈর্ঘ্য ৫৩ মিমি এবং ব্যাস ১৫০ মিমি, যা গিয়ার বক্সকে চলতে সাহায্য করে। দ্বিতীয় ধাপে ছয় এন্ডের পুশির দৈর্ঘ্য ৬৭ মিমি এবং ব্যাস ১৪১ মিমি, যা মেইন ড্রাইভিং পাওয়ার ট্রান্সমিশন শ্যাফটকে চালিত করে। ফ্লাই হুইলটি ঢালাই কাস্ট আয়রন মেটেরিয়ালে তৈরি (চিত্র ১৫)।



চিত্র ১৬ হাই প্রেশার ফুয়েল পাম্প

ফুয়েল পাম্প ইঞ্জিনের একটি অবিচ্ছেদ্য অংশ। ফুয়েল পাম্পের কাজ হলো ফুয়েলকে ইঞ্জিনে সঠিক মাত্রায় পাঠানো। এটি একটি রোটোরি ফুয়েল পাম্প। ফুয়েল পাম্পটির দৈর্ঘ্য ৩৫০ মিমি, প্রস্থ ১৫০ মিমি এবং উচ্চতা ২১০ মিমি (চিত্র ১৬)।



চিত্র ১৭ ডিজেল ফিল্টার

এটি জ্বালানি থেকে বিভিন্ন ধরনের সূক্ষ্ম ময়লা অপসারণ করে জ্বালানি পরিষ্কার করে যাতে জ্বালানি সহজেই পুড়ে যায় ও জ্বালানি লাইন এবং ইঞ্জিন সিলিন্ডারে কোনো বর্জ্য জমা না হয় (চিত্র ১৭)। ডিজেল ইঞ্জিনে মূলত দুটি বা প্রয়োজনে তার চেয়ে বেশি ডিজেল ফিল্টার ব্যবহার করা হয়। একটি হলো প্রাইমারি ফিল্টার এবং অপরটি সেকেন্ডারি ফিল্টার। প্রাইমারি ফিল্টারে ময়লা অপসারণ করার পরে সেকেন্ডারি ফিল্টারে পুনরায় ময়লাকে অপসারণ করে। কেননা ইনজেক্টরে অতি সূক্ষ্ম আকারে ডিজেল ফুয়েল স্প্রে করা হয়। যদি এর মধ্যে কোনো ময়লা থেকে যায় তাহলে তা ইনজেক্টরকে জ্যাম করে দেবে এবং ইনজেক্টর নষ্ট হয়ে যাবে। ময়লার অতিরিক্ত ঘর্ষণের ফলে ইনজেক্টর নজেলের ছিদ্র বড় হয়ে যেতে পারে।



চিত্র ১৮ মবিল ফিল্টার

মবিল ফিল্টারের গুরুত্ব ইঞ্জিনের জন্য অনেক বেশি। এর উপরই নির্ভর করে ইঞ্জিনের রানিং কম্পোনেন্টগুলোর কাজের দক্ষতা এবং তাদের আয়ু। অয়েল পাম্প লুব অয়েলকে পাম্প করে ফিল্টারে সরবরাহ করে। ফিল্টার সেই অয়েলকে রিফাইন করে ইঞ্জিনের বিভিন্ন অংশে পাঠায়। অয়েলের ভেতর অনেক সময় ময়লা, ধূলা-বালি বা ক্ষুদ্র ক্ষুদ্র শোষার ঠোঁড়া থাকে যা ইঞ্জিনের বিভিন্ন কম্পোনেন্টের জন্য মারাত্মক ক্ষতিকর। মবিল ফিল্টার এ ধরনের ক্ষতিকর অপদ্রব্য থেকে ইঞ্জিনকে রক্ষা করে। সাধারণত যন্ত্রটি ৪০০ কিলোমিটার চালাবার পর এই ফিল্টার পরিবর্তন করতে হয় (চিত্র ১৮)।



চিত্র ১৯ রেভিয়েটোর

রেভিয়েটোরের কাজ হচ্ছে ইঞ্জিনে ব্যবহৃত গরম পানিকে কুলিং স্ক্যানের মাধ্যমে বাতাসের সাহায্যে ঠান্ডা করে পুনরায় ইঞ্জিনে প্রেরণ করা। রেভিয়েটোরের দৈর্ঘ্য ৬৯৫ মিমি, প্রস্থ ৫৬০ মিমি এবং পুরুত্ব ১১০ মিমি (চিত্র ১৯)।



চিত্র ২০ ডায়নামো

ডায়নামো যান্ত্রিক শক্তিকে বৈদ্যুতিক শক্তিতে রূপান্তর করে। ডায়নামো বৈদ্যুতিক টৌম্বক ব্যবহার করে সরাসরি বৈদ্যুতিক শক্তি উৎপাদন করে। এটি জেনারেটর হিসেবে পরিচিত। ডায়নামোটি ৭৫০ ওয়াটের। এর দৈর্ঘ্য ১৫০ মিমি এবং ব্যাস ১২৫ মিমি। ডায়নামোটিতে সিস্টেম প্রভের পুলি আছে। পুলিটির ব্যাস ৮০ মিমি এবং পুরুত্ব ২৫ মিমি। পুলিটি এমএস ঢালাই মেটেরিয়ালে তৈরি (চিত্র ২০)।



চিত্র ২১ স্টার্টার মোটর

২৪ ভোল্ট স্টার্টার ডিসি মোটরটি ট্রান্সমিশন এক কন্ট্রোল মেকানিজম নিয়ে গঠিত। এর কাজ হল ব্যাটারির বৈদ্যুতিক শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করে ইঞ্জিনের ফ্লাই হুইল চালানো (চিত্র ২১)।



চিত্র ২২ হাইড্রোলিক অয়েল পাম্প

হাইড্রোলিক পাম্প হাইড্রোলিক সিস্টেমের জন্য একটি গুরুত্বপূর্ণ ডিভাইস। হাইড্রোলিক পাম্পে উচ্চ চাপ, কমপ্যাক্ট কাঠামো, উচ্চ দক্ষতা এবং সুবিধাজনক প্রবাহ সমন্বয়ের সুবিধা রয়েছে। হাইড্রোলিক পাম্পটির দৈর্ঘ্য ২২০ মিমি, প্রস্থ ১০৪ মিমি এবং উচ্চতা ১২১ মিমি (চিত্র ২২)।



চিত্র ২৩ টার্বো চার্জার

এটি টার্বো চার্জার বা টার্বো নামে পরিচিত (চিত্র ২৩)। টার্বো চার্জার ইঞ্জিনে বেশি বাতাস পাম্প করে ইঞ্জিনের শক্তি বাড়ায়।



চিত্র ২৪ ইঞ্জিন ফ্যান

ইঞ্জিন ফ্যান রেডিয়েটরের ভেতর দিয়ে বাতাস প্রবাহিত করে এবং গরম পানিকে ঠাণ্ডা করে। ইঞ্জিন ফ্যানের ব্যাস ৪৬৫ মিমি ও পাখার সংখ্যা ৭টি। ইঞ্জিন ফ্যানের পুঞ্জির ব্যাস ১১১ মিমি এবং পুঞ্জিটি ডাকল গ্রুভের (চিত্র ২৪)।



চিত্র ২৫ এয়ার ক্রিশার

এটি এক প্রকার ছাঁকনি বিশেষ যা বাতাসে অবস্থিত ধূসো-বালি এবং বিভিন্ন ধরনের ময়লা দূর করে বিত্ত্ব বাতাস ইঞ্জিন সিলিন্ডারে পাঠাতে সাহায্য করে (চিত্র ২৫)। ফলে ইঞ্জিন সিলিন্ডারের ভেতরে কোনো ক্ষতি হয় না। এটি সিটের পেছনে থাকে।



চিত্র ২৬ ফুয়েল ট্যাংক

ফুয়েল ট্যাংক জ্বালানি ধরে রাখার কাজ করে (চিত্র ২৬)। এটা এমনভাবে তৈরি করা যাতে ট্যাংকের মধ্যে কোনো ধূসোবালি ঢুকতে না পারে। ফুয়েল ট্যাংকের মধ্যে থাকা ফুয়েল পাম্প তেলকে পরবর্তী ধাপে পাঠানোর জন্য ব্যবহার করা হয়। ফুয়েল ট্যাংকটির ভিজেল ধারণ ক্ষমতা ৬০ লিটার। এর দৈর্ঘ্য ৮৩০ মিমি, প্রস্থ ৩০০ মিমি এবং উচ্চতা ৩০০ মিমি।



চিত্র ২৭ ব্যাটারি বেইজ

ব্যাটারি বেইজ ব্যাটারিকে আটকে রাখে। বেইজটির দৈর্ঘ্য ৪৭৩ মিমি এবং প্রস্থ ২৪০মিমি (চিত্র ২৭)। বেইজটিতে ৩৫×৩৫ মিমি এঙ্গেল বার ব্যবহার করা হয়েছে যার পুরুত্ব ৩ মিমি। বেইজটি এমএস লোহার তৈরি।



চিত্র ২৮ ইলিন সাইলেপার

সাইলেপার শব্দের মাত্রাকে নিয়ন্ত্রণ করে (চিত্র ২৮)।



চিত্র ২৯ ব্যাটারি

কম্বাইন হারভেস্টারে ১২ ভোল্টের ব্যাটারি ব্যবহৃত হয় (চিত্র ২৯)। ব্যাটারি প্রকৃত পক্ষে একটি ইলেকট্রিক সেল। ডিভাইসটি রাসায়নিক প্রতিক্রিয়া থেকে বিদ্যুৎ উৎপাদন করে। ব্যাটারিটি ইলিন স্টার্ট করতে এবং অন্যান্য লাইট ও ইভিকটের জ্বলতে সাহায্য করে।

ক্রলার (Crawler))




চিত্র ৩০ ক্রলার

ক্রলার এর কাজ হলো গিয়ার বক্স অ্যাক্সেলের মাধ্যমে গ্রাস্ট ছইল, সাপোর্ট ছইল এবং গাইড ছইলের সাহায্য নিয়ে সম্পূর্ণ যন্ত্রকে চালাতে সক্ষম করা (চিত্র ৩০)। কন্সট্রাক্টর হারভেস্টারে ক্রলারের সংখ্যা দুটি। একটি যন্ত্রের ডান পাশে এক অপরটি বাম পাশে থাকে। ক্রলারের সাইজ $800 \times 90 \times 51$ । প্রতিটি ক্রলারের দৈর্ঘ্য ২২৯৫ মিমি এবং প্রস্থ ৪০০ মিমি। একটি ক্রলারে ভিতরের অংশে লিংকের সংখ্যা ৫১টি, এক লিংক থেকে অন্য লিংকের দূরত্ব ৯০ মিমি, প্রতিটি লিংকের দৈর্ঘ্য ৭০ মিমি এবং প্রস্থ ৩৮ মিমি। প্রতিটি ক্রলারের বাঁকের উপর অংশে বিটের সংখ্যা ৫১টি, বড় সাইজের বিট ২৬টি ও ছোট সাইজের বিট ২৫টি, এক বিট থেকে অন্য বিটের দূরত্ব ৯০ মিমি। বড় সাইজের বিটের দৈর্ঘ্য ৩৫০ মিমি, প্রস্থ ১৫ মিমি ও উচ্চতা ৪২ মিমি এবং ছোট সাইজের বিটের দৈর্ঘ্য ২৩০ মিমি, প্রস্থ ১৫ মিমি ও উচ্চতা ৪২ মিমি। ক্রলার এমএস লোহা এক বারাবার মেটেরিয়ালে তৈরি।



চিত্র ৩১ ক্রলার সাপোর্ট বার

ক্রলার সাপোর্ট বার প্রথম বেইজের $90 \times 90 \times 5$ মিমি ক্ষমার বক্সের সাথে সংযুক্ত হয়ে ক্রলার লিংকের প্রস্থের মাক বরাবর অবস্থান করে ক্রলারকে সমান্তরাল রেখে নিচের দিকে চাপ প্রয়োগ করে ধরে রাখতে সাহায্য করে (চিত্র ৩১)। যন্ত্রে ক্রলার সাপোর্ট বার সংখ্যা ৪টি। প্রথম বেইজের ডান পাশের ক্ষমার বক্সের সামনে ও পেছনে একটি এবং বাম পাশের ক্ষমার বক্সের সামনে ও পেছনে একটি। প্রথম বেইজের ক্ষমার বক্সের সামনের দিকে ডান ও বাম পাশে ব্যবহৃত ক্রলার সাপোর্ট বারের দৈর্ঘ্য ৬৬০ মিমি, প্রস্থ ৩৮ মিমি, উচ্চতা ১২০ মিমি এবং পেছনের দিকের ডান ও বাম পাশে ব্যবহৃত ক্রলার সাপোর্ট বারের দৈর্ঘ্য ৬০০ মিমি, প্রস্থ ৩৪ মিমি, উচ্চতা ১২০ মিমি। ক্রলার সাপোর্ট বার এমএস ঢলাই মেটেরিয়ালে তৈরি।



তৃতীয় অধ্যায়

অপারেটিং সেকশন
(Operating Section)

অপারেটিং সেকশন (Operating Section)



চিত্র ১ অপারেটিং বক্স



চিত্র ২ অপারেটিং বক্স



চিত্র ৩ মিটারিং ডিভাইস



চিত্র ৪ এলার্ম লাইট

অপারেটিং বক্স বা ড্যাশবোর্ডে যন্ত্র চালানোর জন্য কিছু লিভার আছে। লিভারগুলো হলো রিলি লিফটিং আপ ও ডাউন লিভার, ম্যানিপুলেশন লিভার এবং অপারেটিং হ্যাডেল। আরও আছে মিটারিং ডিভাইস, এলার্ম লাইট, সুইচ বোর্ড, ইলেক্ট্রিক্যাল ফিউজ বোর্ড, রিলে, লাইট, মিরর হ্যাডেল এবং হর্ন (চিত্র ১)।

অপারেটিং বক্সের দৈর্ঘ্য ৮৪৫ মিমি, প্রস্থ ২৫৫ মিমি এবং উচ্চতা ৫২২ মিমি। বক্সটিতে ৪ মিমি পুরুত্বের ৩০x৩০ মিমি স্ফায়ার বক্স ব্যবহার করা হয়েছে। অপারেটিং বক্সটি এমএস ৩ মিমি শীট মেটেরিয়ালে তৈরি (চিত্র ২)।


মিটারিং ডিভাইসটি ড্যাশবোর্ডের উপর সংযুক্ত থাকে (চিত্র ৩)। মিটারিং ডিভাইস বোর্ডটিতে কয়েক ধরনের মিটার সংযুক্ত আছে যেমন, ইঞ্জিন তাপমাত্রা পরিমাপক মিটার, জ্বালানি পরিমাপক মিটার, ইঞ্জিন হর্স পাওয়ার পরিমাপক মিটার, গতি পরিমাপক মিটার ইত্যাদি।

শস্য মাদ্রাই-বাদ্রাই হওয়ার পর গ্রেইন ট্যাংক ভর্তি হয়। ট্যাংকের ভেতর এলার্ম ডিভাইস স্থাপন করা আছে। গ্রেইন ট্যাংক ভর্তি হওয়ার আগ মুহূর্তে যখন শস্য ডিভাইসটিতে স্পর্শ করে তখন এলার্ম লাইট জ্বলে ওঠে সিগন্যাল দেয় যে ট্যাংক ধান/শস্যে পরিপূর্ণ (চিত্র ৪)।



চিত্র ৫ অপারেটিং বক্স হ্যাণ্ডেল

অপারেটিং বক্স হ্যাণ্ডেলটি অপারেটিং বক্সের সাথে সংযুক্ত থাকে। অপারেটর যন্ত্রটি চালানোর সময় সিটে বসে হ্যাণ্ডেল ধরে তার নিজের ভারসাম্য রক্ষা করে। হ্যাণ্ডেলের পাইপের দৈর্ঘ্য ১২০০ মিমি এবং পাইপের ব্যাস ২৫ মিমি (চিত্র ৫)।



চিত্র ৬ ইলেকট্রিক্যাল ইউনিট

ইলেকট্রিক্যাল ইউনিটটি কন্ট্রোল হারভেস্টারে ব্যবহৃত সকল বৈদ্যুতিক লাইনের কেন্দ্র বিন্দু। এই ইউনিটটিতে আছে সুইচ বোর্ড, ফিউজ বোর্ড, রিলে, লাইট লাইন, হর্ন লাইন, সেক্স স্টার্টার লাইন এবং ইলেকট্রিক্যাল ক্যাবল (চিত্র ৬)।




চিত্র ৭ সুইচ বোর্ড

সুইচ বোর্ডটিতে সেক্স স্টার্টার সুইচ, ফ্রন্ট লাইট সুইচ, বেক লাইট সুইচ আছে। সুইচ বোর্ডের দৈর্ঘ্য ৫১৫ মিমি এবং প্রস্থ ১৫০ মিমি। সুইচ বোর্ড ফ্রেমটি ২ মিমি শীট মেটেরিয়ালে তৈরি (চিত্র ৭)।



চিত্র ৮ ইলেকট্রনিক্যাল ফিউজ বোর্ড



চিত্র ৯ রিলে



চিত্র ১০ লাইট



চিত্র ১১ মিরর হ্যাভেল

ফিউজ বৈদ্যুতিক সার্কিটের গুভার কারেন্ট থেকে সুরক্ষা প্রদান করে। ফিউজ বোর্ডটিতে ১০টি রিলে এবং ১৫টি ফিউজ ব্যবহার করা হয়েছে। ১০ অ্যাম্পায়ারের ৪টি, ১৫ অ্যাম্পায়ারের ৩টি, ২০ অ্যাম্পায়ারের ১টি, ৩০ অ্যাম্পায়ারের ৫টি এবং ৬০ অ্যাম্পায়ারের ২টি ফিউজ আছে (চিত্র ৮)।

ফিউজ বোর্ডে রিলের সংখ্যা ১০টি (চিত্র ৯)। রিলে নং NVF4-1A-Z40a
NO: 40A/14VDC
NC: 30A/ 14VDC
DC 12V ২টি

NVF4-1A-Z40a
NO: 40A/14VDC
DC 12V ৪টি

NVF4-3A-Z80a
NO: 80A/14VDC
DC 12V ৪টি


ত্রি হোল ফিড কন্ট্রোল হারডেস্টারে ১২ ভোল্টের তিনটি লাইট আছে (চিত্র ১০)। সামনের দিকে ২টি এবং পেছনের দিকে ১টি।

এই হ্যাভেলের সাথে আয়না থাকে এবং হ্যাভেলটি ড্যাশ বোর্ডের সামনের ডান দিকে সংযুক্ত থাকে (চিত্র ১১)। মিরর হ্যাভেলের সৈর্ঘ্য ৪০০ মিমি এবং হ্যাভেল পাইপের ব্যাস ১৬.৫ মিমি। মিরর হ্যাভেলটি এমএস পাইপ মেটেরিয়ালে তৈরি।



চিত্র ১২ হর্ন

এটি একটি ১২ ভোল্টের হর্ন (চিত্র ১২)। রাস্তায় চলার সময় সংকেত দেয়ার জন্য হর্ন ব্যবহার করা হয়। হর্নটি যন্ত্রের ড্যাশবোর্ডের নিচে বেইজের দিকে সংযুক্ত থাকে।



চিত্র ১৩ অপারেশন লিভার বক্স

অপারেশন লিভার বক্সটিতে কয়েকটি লিভার আছে যা যন্ত্রকে চালাতে সহায়তা করে। লিভারগুলো হলো, এক্সেলের লিভার, ম্যানিপুলেশন লিভার, মেইন গিয়ার লিভার এবং অক্সেলারি গিয়ার লিভার ২টি (চিত্র ১৩)। অপারেশন লিভার বক্সের দৈর্ঘ্য ৯১১ মিমি, প্রস্থ ২৮৩ মিমি, উচ্চতা ৮৫ মিমি এবং শীটের পুরুত্ব ৩ মিমি। অপারেশন লিভার বক্সটি এমএস শীট মেটেরিয়ালে তৈরি।



চিত্র ১৪ এক্সিলারেটর লিভার

এক্সিলারেটর লিভার দ্বারা ইঞ্জিনের আরপিএম ব্রাস বা বৃদ্ধি করা হয় (চিত্র ১৪)। এক্সিলারেটর লিভারটির দৈর্ঘ্য ১২০ মিমি এবং শ্যাফটের ব্যাস ১২ মিমি। এক্সিলারেটর লিভারটি এমএস শ্যাফট মেটেরিয়ালে তৈরি।

ম্যানিপুলেশন টিউনিং (Manipulation Tuning)



চিত্র ১০ ম্যানিপুলেশন টার্নিং লিভার

সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায় এবং ডান দিকে টার্ন নেয়, আবার বাম দিকের স্টেয়ারিং লিভারকে চাপ প্রয়োগ করলে ডান দিকের ক্রসারের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যন্ত্রটি বাম দিকে টার্ন নেবে। আবার এই লিভার ব্যবহার করে সামনের দিকে চাপ প্রয়োগ করলে হেডার ইউনিট নিচের দিকে এবং পেছনের দিকে চাপ প্রয়োগ করলে হেডার ইউনিট উপরে উঠবে। লিভারটি ২ নং হাইড্রোলিক ভাস্কের সাথে সংযুক্ত আছে। টার্নিং লিভারটির দৈর্ঘ্য ৪২০ মিমি এবং লিভারটির শ্যাফট ব্যাস ১৬ মিমি। ম্যানিপুলেশন টিউনিং লিভারের দুটি কানেক্টিং রড আছে যার দৈর্ঘ্য যথাক্রমে ৩২০ মিমি ও ২৭০ মিমি এবং রডের ব্যাস ১০ মিমি। টার্নিং লিভারটি এমএস শ্যাফট মেটেরিয়ালে তৈরি।



চিত্র ১৬ ম্যানিপুলেশন হাইড্রোলিক সিস্টেম

ম্যানিপুলেশন টিউনিং লিভারটি ড্যাশবোর্ডের উপরে হাইড্রোলিক সিস্টেমের সাথে সংযুক্ত থাকে (চিত্র ১৫)। এই লিভারটি দিয়ে যন্ত্র ডানে ও বামে টার্নিং এক হেডার ইউনিট আপ ও ডাউন করা হয়। স্টেয়ারিং লিভার একটি ইউ ফ্রেমে আটকানো আছে। স্টেয়ারিং লিভারের সাথে ২টি কানেক্টিং রড ২ নং হাইড্রোলিক ভাস্কের সাথে সংযুক্ত করা হয়েছে। ডান পাশের ১ নং কানেক্টিং রড দ্বারা স্টেয়ারিং লিভারকে ডানে-বামে চাপ প্রয়োগ করে যন্ত্রকে টার্নিং করানো হয়। ২ নং ভাস্ক থেকে ৩টি হোজ পাইপ মেইন গিয়ার বক্সের সামনে অবস্থিত একটি মেকানিক্যাল ভাস্কের সাথে সংযুক্ত হয়েছে। এই ভাস্কের ২টি অফসেট পেসার লাইন ও একটি অফসেট রিলিজ হোজ পাইপ ২নং ভাস্কের সাথে সেটিং করা হয়। স্টেয়ারিং লিভারকে ডান দিকে চাপ প্রয়োগ করলে বাম পাশের ভাস্কটি মেইন গিয়ারের ক্রস লিভারকে চাপ দেওয়ায় বাম পাশের ক্রসার

ম্যানিপুলেশন টার্নিং লিভারের মাধ্যমে যন্ত্রকে ডানে ও বামে টার্ন করা এক হেডার ইউনিটকে আপ ও ডাউন করার কাজ ম্যানিপুলেশন হাইড্রোলিক সিস্টেম করে থাকে (চিত্র ১৬)। ম্যানিপুলেশন হাইড্রোলিক সিস্টেমের ভেতর ২টি কন্ট্রোল বার আছে। প্রতিটি কন্ট্রোল বার ২টি কাজ করে। ম্যানিপুলেশন হাইড্রোলিক সিস্টেমে হরাইজন্টাল কন্ট্রোল বারটি হেডার ইউনিটকে আপ ও ডাউন করার কাজ করে এবং ভার্টিক্যাল কন্ট্রোল বারটি যন্ত্রকে ডানে ও বামে টার্ন করার কাজ করে।

রিল লিফটিং আপ/ডাউন অপারেটিং (Reel Lifting up/down Operating)



চিত্র ১৭ রিল লিফটিং আপ/ডাউন লিভার

রিল লিফটিং আপ/ডাউন লিভার এক গ্রেইন ডিসচার্জ সিলিভার আপ/ডাউন লিভার দুটি ড্যাশবোর্ডের ডান পাশে থাকে (চিত্র ১৭)। চিত্র অনুযায়ী বাম পাশের লিভারটি রিল লিফটিং আপ ডাউন লিভার। এই লিভার দিয়ে হেভার ইউনিটে থাকা রিলকে আপ/ডাউন করা হয়। লিভারটির দৈর্ঘ্য ২১০ মিমি এবং ব্যাস ১২ মিমি। চিত্র অনুযায়ী ডান পাশের লিভারটি গ্রেইন ডিসচার্জ সিলিভার আপ ডাউন লিভার। এটি দিয়ে গ্রেইন ট্যাংকে মজুদকৃত ধান বস্তু ভরার জন্য সিলিভার আপ/ডাউনের কাজ করে। লিভারটির দৈর্ঘ্য ১২০ মিমি এবং ব্যাস ১২ মিমি। লিভারগুলি এমএস শ্যাফট মেটেরিয়ালে তৈরি।



চিত্র ১৮ আপ/ডাউন লিভার ভল্ভ সিস্টেম

আপ/ডাউন লিভারের মাধ্যমে ভল্ভ সিস্টেম কাজ করে (চিত্র ১৮)। এটি একটি টেভাম সেন্টার ভল্ভ। এই ভল্ভগুলো অনেকটা ক্লোজ সেন্টারের মতো কাজ করে। টেভাম সেন্টার ভল্ভগুলো সাধারণত যেসব জায়গায় হাইড্রোলিক সিলিভার আপ/ডাউনের সময় বিভিন্ন জায়গায় ক্লাম্প করার প্রয়োজন হয় সেখানেই টেভাম সেন্টার ভল্ভগুলো ব্যবহার করা হয়। এই ভল্ভ সেন্টার পজিশনে থাকা অবস্থায় পাম্পের তেল সার্কুলেশন কোনো বাঁধা ছাড়াই ভল্ভের ভেতর দিয়ে ট্যাংকে ফেরত যায়। এই ভল্ভ ব্যবহার করে হাইড্রোলিক সিলিভারকে যে কোনো পজিশনে স্টপ করা যায়, পাম্প আনলোড থাকা অবস্থায় সিস্টেম ওভারহিট কম এবং ডাইব্রেশনও কম হয়।

মেইন গিয়ারশিফট অপারেটিং (Main Gearshift Operating)



চিত্র ১৯ মেইন গিয়ার লিভার

